




ISO 9001:2015 Certified



নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২

পল্লীতলা, নওগাঁ।

দরপত্র বিজ্ঞপ্তি

০১। নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক পবিস তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী/ বাপবিবোর্ডের তালিকাভুক্ত প্রতিষ্ঠানের নিকট হইতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে :

টেন্ডার প্যাকেজ নং	ক্রয়তব্য মালামালের বিবরণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী		দরপত্র দলিলের মূল্য (অফেরৎ যোগ্য)
			গ্রহণ	খোলা	
জি-২১-২২.৭৫.৯৩ লট নং- জি-২১- ২২.৭৫.৯৩-০০১	কম্পিউটার বিদ্যুৎ বিল ফরম	২৩/১২/২০২১ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার হতে ০৬/০১/২০২২ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার (অফিস চলাকালীন) পর্যন্ত	০৯/০১/২০২২ খ্রিঃ তারিখ রবিবার বেলা ১১.৩০ ঘটিকা পর্যন্ত।	০৯/০১/২০২২ খ্রিঃ তারিখ রবিবার বেলা ১১.৩৫ ঘটিকা।	১০০০.০০ (এক হাজার টাকা)
জি-২১-২২.৭৫-৭৪ লট- জি-২১- ২২.৭৫-৭৪-০০২	হার্ডওয়্যার মালামাল				১০০০.০০ (এক হাজার টাকা)

- ০২। **দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের স্থানঃ** (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা অথবা (২) জেনারেল ম্যানেজার, নওগাঁ পবিস-২ এর সদর দপ্তর, পল্লীতলা নওগাঁ এই ঠিকানা হইতে দরপত্র দলিল সংগ্রহ করিতে পারিবেন। দরপত্র উপরে বর্ণিত সময়সীমার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা (২) জেনারেল ম্যানেজার, নওগাঁ পবিস-২ এর সদর দপ্তর, পল্লীতলা, নওগাঁ এই ঠিকানায় পৌছাইতে হইবে।
- ০৩। **দরপত্র খোলার স্থানঃ** দরপত্র (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, পল্লীতলা, নওগাঁ-এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- ০৪। দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, আয়কর, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র, অভিজ্ঞতা সনদ পত্র ও ব্যাংক সলভেন্সী সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
- ০৫। দরপত্রের সাথে নওগাঁ পবিস-২ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হইতে জি-২১-২২.৭৫-৭৪ নম্বর টেন্ডার প্যাকেজের জন্য ১৫,০০০.০০ এবং জি-২১-২২.৭৫.৯৩ নম্বর টেন্ডার প্যাকেজের জন্য ৩০,০০০.০০, টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/অপরিবর্তনীয় ব্যাংক গ্যারান্টি দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করিতে হইবে।
- ০৬। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক সরবরাহকারীকে নওগাঁ পবিস-২ কর্তৃক ক্রসড চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হইবে। মালামাল নিজ খরচে সমিতির সদর দপ্তরে পৌছাইয়া দিতে হইবে। তবে মুসক চালান দাখিল করিলে ভ্যাট কর্তন করা হইবে না।
- ০৭। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাইতে হইবে।
- ০৮। অন্যান্য শর্তাবলী দরপত্র দলিলে উল্লেখ রয়েছে। দরপত্রে উল্লেখিত শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ০৯। নওগাঁ পবিস-২ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(প্রকৌঃ সন্তোষ কুমার সাহা)

সিনিয়র জেনারেল ম্যানেজার

নওগাঁ পবিস-২।

১৭/১২/২০২১